



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জেলা জজের কার্যালয়
রংপুর।

অফিস আদেশ :

নং : ১৭/২০১৮

তারিখ : ৩০/০১/২০১৮ খ্রিঃ।

বিষয় : জনাব মোঃ আবু তাহের, অবসরপ্রাপ্ত হিসাবরক্ষক (উচ্চমান সহকারী), হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জনাব মোঃ আবু তাহের, অবসরপ্রাপ্ত হিসাবরক্ষক (উচ্চমান সহকারী), হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী খতিয়ান বহি পর্যালোচনায় ও অত্রাদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদনের আলোকে তাহার মোট চাকুরীর মেয়াদ ২৫ বৎসরের উর্দ্ধকাল হওয়ায় তিনি বিধি মোতাবেক মূল বেতনের ৯০% হারে পেনশন পাইবার হকদার হইতেছেন।

আবেদনকারী কর্মচারীর সর্বশেষ মূল বেতন= ২১,৩৮০/- টাকা মাত্র। উপর্যুক্ত প্রতিবেদনের আলোকে অর্থ মন্ত্রণালয়ের গত ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০. ১৭১.১৩. ০০৬.১৫-৮১ নং স্মারক মোতাবেক মূল বেতনের ৯০% হারে মোট অবসর ভাতার পরিমাণ দাড়ায় = ১৯,২৪২/- (উনিশ হাজার দুইশত বিয়াল্লিশ) টাকা, মোট অবসর ভাতার অর্ধাংশ অর্থাৎ ৪৫% হারে= ৯,৬২১/- (নয় হাজার ছয়শত একুশ) টাকা এর প্রতি ১ (এক) টাকার পরিবর্তে ২৩০ টাকা হারে (৯,৬২১×২৩০) আনুতোষিক বাবদ সর্বমোট=২২,১২,৮৩০/- (বাইশ লক্ষ বার হাজার আটশত ত্রিশ) টাকা এবং = ৯,৬২১/- (নয় হাজার ছয়শত একুশ) টাকা অবসর ভাতা হিসাবে মঞ্জুরী প্রদান করা হইল।

স্বাক্ষরিত
(হুমায়ুন কবীর)
সিনিয়র জেলা জজ
রংপুর।

স্মারক নং : জেঃজঃরং-১৯/২০১৬-৫৮(৬)

তারিখ : ৩০/০১/২০১৮ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ), জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
(অত্র আদেশ জেলা আদালত বাতায়নে প্রকাশের নির্দেশসহ)।
- ২। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
- ৪। জনাব মোঃ আবু তাহের, অবসরপ্রাপ্ত হিসাবরক্ষক (উচ্চমান সহকারী),
হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ৫। আদেশ বহি/অফিস ফাইল।

আদেশক্রমে

৩০/০১/১৮

প্রশাসনিক কর্মকর্তা

জেলা জজ আদালত, রংপুর।